# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

## আইন বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৮৪৪৮৭

dgmlaw@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আইন- ২১৩৩/২০২১-২০২২/ ৮০৮ তারিখঃ ২৩-০১-২০২২খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
৫। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয় ঃ অর্থঋণ মামলা তদারকির জন্য মনিটরিং সেল পুনর্গঠন প্রসঙ্গে।***

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত বিষয়ে পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২৫ তম সভায় ব্যাংকের অর্থঋণ মামলাসমূহ তদারকির জন্য আইন বিভাগ কর্তৃক একটি মনিটরিং সেল গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে অর্থ ঋণ মামলাসমূহ তদারকির জন্য আইন বিভাগ কর্তৃক ০৯-০২-২০২১ ইং তারিখে গঠিত মনিটরিং সেল এর সেল প্রধান জনাব মোহাম্মদ ফখরুল হাসান তালুকদার এর বদলী জনিত কারনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে পূনর্গঠন করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম | পদবী | কমিটিতে পদমর্যাদা | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ জসিম উদ্দিন | সহকারী মহাব্যবস্থাপক | সেল প্রধান | ০১৮১৯-১৫৪০৬৩ |
| ২. | জনাব মোঃ আনোয়ার হোসেন | কর্মকর্তা | সদস্য | ০১৯৭৭-২৫৭৫৪০ |
| ৩. | জনাব মোঃ আব্দুস সবুর | উর্ধতন মুখ্য কর্মকর্তা | সদস্য সচিব | ০১৯১৭-৪০৮০৮০ |

০৩। ***কমিটির কার্যপরিধিঃ***

(ক) কৃষি ব্যাংকের মামলার ওয়েব পোর্টালে মামলাসমূহের তথ্য হালনাগাদ করন।

(খ) নিম্ন আদালতে চলমান মামলার শুনানীর ধার্য তারিখের ১৫ দিন পূর্বেই বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে শাখাকে তাগিদ প্রদান নিশ্চিতকরণ।

(গ) দায়েরকৃত ও নিস্পত্তিকৃত মামলাসমূহের প্রতিবেদন সংরক্ষণ।

(ঘ) বিচারাধীন মামলাসমূহ নিস্পত্তির লক্ষ্যমাত্রা (APA অনুযায়ী) অর্জনের উদ্দেশ্যে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয়/মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহে আইনজীবীদের সাথে দ্বিপাক্ষিক সভা আয়োজনের উদ্যোগ গ্রহন।

(ঙ) মামলা সংক্রান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপন।

০৪। গঠিত কমিটির কার্যপরিধি বাস্তবায়নের লক্ষ্যে অর্থঋণ মামলাসমূহ দ্রুত নিস্পত্তিসহ নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার পরামর্শ দেয়া হলোঃ-

(ক) অত্র বিভাগের ০৫-০২-১৫ তারিখের ৪৮৩(৪৬) নং পত্রে প্রত্যেক অঞ্চল হতে মামলা তদারকির জন্য একজন অভিজ্ঞ কর্মকর্তা নিয়োগের পরামর্শ দেয়া হয়েছে। উক্ত কর্মকর্তার মাধ্যমে অঞ্চলের সকল অর্থ ঋণ মামলার জোর তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে অঞ্চলের সকল মামলার তথ্য রেজিষ্টারে সংরক্ষণ পূর্বক মামলার অগ্রগতি লিপিবদ্ধ করতে হবে। গঠিত মনিটরিং সেল কর্তৃক যা সময়ে সময়ে তদারকি করা হবে। ইতোপূর্বে নিয়োজিত কর্মকর্তা যদি বদলী হয়ে থাকে তাহলে নতুনভাবে কর্মকর্তা নিয়োগ করতঃ নিয়োজিত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

(খ) দায়েরকৃত মামলা দ্রুত নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট আইনজীবীর সাথে ব্যাংকের মামলা সংশ্লিষ্ট কর্মকর্তা নিবিড় যোগাযোগ রক্ষা করবেন। মামলা দায়েরের পর আইনজীবীর সাথে মামলা পরিচালনায় তৎপর হতে হবে। এছাড়াও অঞ্চল/বিভাগীয় পর্যায়ে ব্যাংকের মামলা সংশ্লিষ্ট আইনজীবীদের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে যৌথ আলোচনা সভার আয়োজন করতে হবে। যাতে মামলার সর্বশেষ অবস্থা পর্যালোচনাসহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা যায়।

(গ) সংশ্লিষ্ট আদালত কর্তৃক ধার্য তারিখে ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবীর চাহিদা মোতাবেক পূর্ণ প্রস্তুতি/তথ্য সরবরাহসহ আইনজীবীর মাধ্যমে হাজিরা নিশ্চিত করতে হবে।

(ঘ) প্রধান কার্যালয় হতে মামলাসমূহ তদারকির স্বার্থে শাখার ওয়েব পোর্টালে মামলাসমূহের হালনাগাদ তথ্য এন্ট্রি নিশ্চিত করতে হবে। পোর্টালে মামলা হালনাগাদ করণে একজন অভিজ্ঞ কর্মকর্তাকে দায়িত্ব দেয়া যেতে পারে।

০৫। এমতাবস্থায়, অর্থঋণ আদালতে দায়েরযোগ্য মামলা যথাসময়ে দায়ের এবং দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মাঠপর্যায়ের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হলো। এছাড়াও মামলা সংশ্লিষ্ট বিষয়ে সার্বিক সহায়তা গ্রহণের জন্য প্রয়োজনে মনিটরিং সেল এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৬/০৭/২০২২

(মোহাঃ গোলাম মাহবুব )

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে মুল পত্রটি কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, সহকারী মহাব্যবস্থাপক, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
১০। জনাব মোঃ আব্দুস সবুর, উর্ধ্বতন মূখ্য কর্মকর্তা, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
১১। জনাব মোঃ আনোয়ার হোসেন, কর্মকর্তা, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
১২। নথি/ মহানথি।

২৬/০৭/২০২২

(মোহাম্মদ জসিম উদ্দিন)

সহকারী মহাব্যবস্থাপক